

# প্রাথমিকে সংগীত ও শরীরচর্চার শিক্ষক পদ বাতিল

অনলাইন ডেক্স



ধর্মভিত্তিক সংগঠনগুলোর সমালোচনার মুখে  
সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন সৃষ্টি সংগীত  
শিক্ষক পদ বাতিল করেছে প্রাথমিক ও গণশিক্ষা  
মন্ত্রণালয়। একইসঙ্গে বাতিল করা হয়েছে  
শরীরচর্চা শিক্ষকের পদও।

এই দুটি পদ বাদ দিয়ে 'সরকারি প্রাথমিক  
বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা-২০২৫'-এ  
কিছু শব্দগত সংশোধনসহ নতুনভাবে গেজেট  
প্রকাশ করা হয়েছে। সংশোধিত বিধিমালা  
অনুযায়ী, শিক্ষক পদ এখন দুটি ক্যাটাগরিতে  
সীমাবদ্ধ রাখা হয়েছে।

আজ সোমবার দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যালয়  
অনুবিভাগের অতিরিক্ত সচিব মাসুদ আকতার  
খান। তিনি জানান, রবিবার সংশোধিত  
বিধিমালার গেজেট প্রকাশ করা হয়েছে।

আগের বিধিমালায় চার ধরনের সহকারী শিক্ষক  
পদের মধ্যে সংগীত ও শরীরচর্চা শিক্ষক পদ  
যুক্ত ছিল। তবে নতুন সংস্করণে এই দুই পদ বাদ  
দেওয়া হয়েছে।

পদ বাতিলের সিদ্ধান্ত ধর্মভিত্তিক  
সংগঠনগুলোর চাপে এসেছে কি না—এমন  
প্রশ্নে অতিরিক্ত সচিব সরাসরি মন্তব্য না করে  
বলেন, আপনারা বিষয়টি খতিয়ে দেখতে  
পারেন।

এ ছাড়া বিধিমালায় একটি শব্দগত সংশোধন  
আনা হয়েছে। আগের সংস্করণে বলা ছিল,  
শিক্ষক নিয়োগে ২০ শতাংশ পদ বিজ্ঞান বিষয়ে  
এবং ৮০ শতাংশ পদ ‘অন্যান্য বিষয়ে’ স্নাতক  
ডিগ্রিধারীদের জন্য নির্ধারিত। তবে ‘অন্যান্য  
বিষয়ে’ শব্দবন্ধটি বিভ্রান্তিকর হওয়ায় এখন বলা  
হয়েছে—‘বিজ্ঞানসহ অন্যান্য বিষয়ে অনূযন্ত

মাতক ডিগ্রিধারী প্রার্থীরা আবেদন করতে  
পারবেন।

,

মন্ত্রণালয় জানিয়েছে, সংশোধিত বিধিমালাটি  
দ্রুত কার্যকর করা হবে এবং আগের সব  
নির্দেশনা এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে  
হালনাগাদ করা হবে।